আমরা জনগণের পক্ষে
বাংলাদেশের সর্বাধিক প্রচারিত জাতীয় দৈনিক
বাংলাদেশ প্রতিদিন দেশগ্রাম ৯ বুধবার ॥ ১ জুন ২০২২
১৮ জ্যৈষ্ঠ ১৪২৯

BARC

# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

কৃষিই সমৃদ্ধি

নতুন বিমান বন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।

স্মারক নং- ১২.২০.০০০০.০২০.১১.০০৩.২২.১১৭৭ তারিখঃ৩০মে ২০২২ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের রাজস্ব খাতভুক্ত স্থায়ী নিম্নলিখিত শূন্য পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | পদের সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | প্রোগ্রামার<br>টাঃ ৩৫,৫০০-৬৭,০১০/-<br>(গ্রেড-৬) | ৩৫ বৎসর | ০১ (এক) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>(খ) কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধা স্বায়ত্তশাসিত/ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর/ সহকারী প্রোগ্রামার/সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী হিসাবে অন্যূন ০৪ (চার) বৎসরের চাকুরী; এবং<br>(গ) কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন। |
| ২. | প্রটোকল অফিসার<br>টাঃ ৩৫,৫০০-৬৭,০১০/-<br>(গ্রেড-৬) | ৩৫ বৎসর | ০১ (এক) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বিজ্ঞান, বিজ্ঞান বা গণযোগাযোগ ও সাংবাদিকতা বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রিসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>(খ) জনসংযোগ ও প্রটোকল বিষয়ে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা এবং<br>(গ) শিক্ষা জীবনের সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের সিজিপিএ থাকিতে হইবে। | সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন। |
| ৩. | ডাটা এন্ট্রি অফিসার<br>টাঃ ২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | ৩০ বৎসর | ০২ (দুই) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন। |
| ৪. | যানবাহন পরিদর্শক<br>টাঃ ১৬০০০-৩৮৬৪০/-<br>(গ্রেড-১০) | ৩০ বৎসর | ০১ (এক) | কোনো স্বীকৃত বোর্ড হইতে অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং বা পাওয়ার টেকনোলজি বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা। | সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন। |
| ৫. | ওয়ার্ড প্রসেসিং সহকারী | ৩০ বৎসর | ০২ (দুই) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা | সকল জেলার প্রার্থীরা আবেদন |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | (গ্রেড-১৩) | | | ৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা। | |
| ৫. | ওয়ার্ড প্রসেসিং সহকারী<br>টাঃ ১২৫০০-৩০২৩০/-<br>(গ্রেড-১১) | ৩০ বৎসর | ০২ (দুই) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর পদে অন্যূন ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। | সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন। |
| ৬. | পিএ/সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর<br>টাঃ ১১,০০০-২৬,৫৯০/-<br>(গ্রেড-১৩) | ৩০ বৎসর | ০২ (দুই) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং<br>(গ) (অ)'সাঁটলিপি' পরীক্ষায় ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ৮০ শব্দ ও বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ৫০ শব্দ এবং<br>(আ) কম্পিউটার মুদ্রাক্ষরে ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ৩০ শব্দ ও বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২৫ শব্দ। | সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন। |
| ৭. | অডিটর<br>টাঃ ১১,০০০-২৬,৫৯০/-<br>(গ্রেড-১৩) | ৩০ বৎসর | ০১ (এক) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি। | সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন। |
| ৮. | ক্যাটালগার<br>টাঃ ১০২০০-২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | ৩০ বৎসর | ০১ (এক) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ ক্যাটালগিং ট্রেড কোর্সে উত্তীর্ণ। | মানিকগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, জামালপুর, চাঁদপুর, কুমিল্লা, খাগড়াছড়ি, লক্ষীপুর, নোয়াখালী, পাবনা, সিরাজগঞ্জ, নাটোর, বগুড়া, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, ঝিনাইদহ, বরিশাল, বরগুনা জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ৯. | অডিও ভিজুয়্যাল সহকারী<br>টাঃ ৯,৭০০-২৩,৪৯০/-<br>(গ্রেড-১৫) | ৩০ বৎসর | ০১ (এক) | কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ফটোশপ বা গ্রাফিক্স ডিজাইন ট্রেড কোর্সে উত্তীর্ণ। | মানিকগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, জামালপুর, চাঁদপুর, কুমিল্লা, খাগড়াছড়ি, লক্ষীপুর, নোয়াখালী, পাবনা, সিরাজগঞ্জ, নাটোর, বগুড়া, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, ঝিনাইদহ, বরিশাল, বরগুনা জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ১০. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬) | ৩০ বৎসর | ০৫ (পাঁচ) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ ও বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ। | মানিকগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, জামালপুর, চাঁদপুর, কুমিল্লা, খাগড়াছড়ি, লক্ষীপুর, নোয়াখালী, পাবনা, সিরাজগঞ্জ, নাটোর, বগুড়া, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, ঝিনাইদহ, বরিশাল, বরগুনা জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |

১। ০১/০৭/২০২২ খ্রি: তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ০৩ নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। তবে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ০৩ হতে ১০ নং ক্রমিকে বর্ণিত পদের প্রার্থীর বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর।

২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৩। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৪। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না। ১০ এর পৃষ্ঠা দেখুন

৯ এর পৃষ্ঠার পর

৫। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Applicant's Copy সহ সকল সনদপত্রের সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা হলে উক্ত দাবীর স্বপক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বা উপজেলা পরিষদের চেয়ারম্যান, পৌরসভা বা সিটি কর্পোরেশনের মেয়র কিংবা কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি এবং এতিম, শারীরিক প্রতিবন্ধী, উপজাতি, মহিলা ইত্যাদি কোটার ক্ষেত্রে কোটার স্বপক্ষে প্রমাণক হিসেবে প্রয়োজনীয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৬। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল বা নিয়োগ সংক্রান্ত যে কোনো সিদ্ধান্ত গ্রহণ করার অধিকার সংরক্ষণ করে।

৭। প্রার্থীদের লিখিত ও মৌখিক এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যাবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যাবহারিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

৮। স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৯। <u>আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলিঃ</u>

ক. আবেদনে ইচ্ছুক প্রার্থীগণ http://barc.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

I) Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ০২ জুন, ২০২২ খ্রি:, সকাল ১০.০০ ঘটিকা।

II) Online এ আবেদনপত্র পূরণ ও জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ৩০ জুন, ২০২২ খ্রি:, বিকাল ৫.০০ ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত আবেদনকারীগণ Online এ আবেদন করার সময় হতে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে টাকা জমা দিতে পারবেন।

খ. Online এ আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০* প্রস্থ ৩০০ Pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০* প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 kb এবং স্বাক্ষর 60 kb হতে হবে।

গ. যেহেতু Online এ আবেদনপত্রে পূরণকৃত সকল তথ্যই পরবর্তী কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র submit করার আগে পূরণকৃত সকল তথ্যের সঠিকতা যাচাই করে নিয়ে আবেদনপত্র submit করতে হবে। প্রার্থী নিজে পূরণকৃত তথ্য বিষয়ে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্র প্রিন্ট করে এক কপি সংরক্ষণ করবেন। পরীক্ষা সংক্রান্ত যে কোন কাজের সহায়ক হিসেবে তা সংরক্ষণ করবেন। মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. পরীক্ষার ফি জমাদানের জন্য SMS প্রেরণের নিয়মাবলীঃ

Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণের পর নির্দেশনা মোতাবেক ছবি ও স্বাক্ষর আপলোড করে আবেদন সম্পন্ন হলে Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা হলে প্রার্থী একটি User ID, ছবি ও স্বাক্ষর সম্বলিত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী ডাউনলোড ও প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant Copy তে প্রদত্ত User ID ব্যবহার করে অনধিক ৭২ ঘন্টার মধ্যে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বর থেকে দুইটি SMS করে ০১ হতে ০৩ নং ক্রমিকে উল্লেখিত পদের জন্য ৫০০/-(পাঁচশত) টাকা, ০৪ ও ০৫ নং ক্রমিকে উল্লেখিত পদের জন্য ৩০০/-(তিনশত) টাকা, ০৬ ও ০৭ নং ক্রমিকে উল্লেখিত পদের জন্য ২০০/-(দুইশত) টাকা এবং ০৮, ০৯ ও ১০ নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য ১০০/-(একশত) টাকা জমা দিবেন। উল্লেখ্য যে, Online এ আবেদনপত্র Submit করার পর টাকা জমা না দিলে আবেদনপত্র কোনভাবেই গৃহীত হবে না।

**<u>১ম SMS:</u>** BARC <Space> USER ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BARC ABCDEF.

Reply: Applicant's Name, Tk 500/300/200/100 will be charged as application fee, Your PIN is xxxxxxxx. To pay fee, Type BARC<Space>YES<Space> PIN, send to 16222.

**<u>২য় SMS:</u>** BARC<Space >YES<Space> PIN লিখে Send করতে হবে16222 নম্বরে।

Example: BARC YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BARC. Your USER ID is (ABCDEF) and Password (xxxxxx).

৩০/৫/২০২২

(ড. মোঃ ছায়ফুল্লাহ)
সদস্য-পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোনঃ ০২-২২২২৪২৬২৮
ইমেইল: md-af@barc.gov.bd

জি-১২০০/২২ (৩০´´x৪)